বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ফোনঃ ০২২২৩৩৮৮৯৪৯, ৯৫৭৩৯২৬
E-mail: dgmlad1@krishibank.org.bd

মুজিব শতবর্ষ MUJIB 100
মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা /ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৯)/২০২১-২০২২/ 298(1200) তারিখ ঃ ২২/০৮/২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ব্যাংকের সকল শাখায় স্থাপিত Women Entrepreneurs' Dedicated Desk /SME Help Desk এর কার্যক্রম জোরদারকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের এসএমইএসপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ০৫/০৯/২০১৯ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা হলো, যা ক্রেডিট-২ বিভাগের পত্র সূত্র নং-৩০৮(১২৫০), তারিখঃ ২৫/০৯/২০১৯ মূলে জারী করা হয়েছে।

০২। বাংলাদেশ ব্যাংকের উল্লেখিত সার্কুলার মোতাবেক অত্র ব্যাংকের সকল শাখায় Women Entrepreneurs' Dedicated Desk /SME Help Desk স্থাপন করা হয়েছে এবং উক্ত ডেস্কের মাধ্যমে সম্ভাব্য এসএমই নারী উদ্যোক্তাদেরকে ঋণ গ্রহণের বিষয়ে তথ্য /পরামর্শ প্রদান করা হচ্ছে। সাম্প্রতিক সময়ে ব্যাংকের উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক কতিপয় শাখা পরিদর্শণকালে Women Entrepreneurs' Dedicated Desk /SME Help Desk এর কার্যক্রম গোচরীভূত না হওয়ায় চরম অসন্তোষ প্রকাশ করে উক্ত ডেস্কের কার্যক্রম জোরদার করার নির্দেশনা প্রদান করেছেন। Women Entrepreneurs' Dedicated Desk /SME Help Desk এর কার্যক্রম জোরদার করার লক্ষ্যে নিম্নোক্ত বিষয়াবলী যথাযথভাবে পরিপালন করতে হবেঃ

(ক) অত্র ব্যাংকের প্রতিটি শাখায় " Women Entrepreneurs' Dedicated Desk " চালু রয়েছে, সেখানে প্রয়োজনীয় উপযুক্ত জনবল (সম্ভব হলে নারী কর্মকর্তা) নিয়োগ করে তাদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উক্ত ডেস্কের দৃশ্যমান স্থানে " Women Entrepreneurs' Dedicated Desk" নামীয় ফলক প্রদর্শণ করতে হবে এবং সম্ভাব্য/বিদ্যমান এসএমই নারী উদ্যোক্তাদেরকে ঋণ গ্রহণের বিষয়ে তথ্য /পরামর্শ প্রদান করতে হবে ;

(খ) ব্যাংকের প্রতিটি বিভাগীয় কার্যালয় এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে একটি "Women Entrepreneur's Development Unit" (নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট) গঠন করা হয়েছে। এ ইউনিট শাখা পর্যায়ের Women Entrepreneurs' Dedicated Desk সমূহের কার্যক্রম মনিটরিং করবে। নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিটে নারী কর্মকর্তা নিয়োজিত করার বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা যেতে পারে ;

(গ) নারী উদ্যোক্তাদের ঋণ আবেদনপত্র সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণ ও নিষ্পত্তি করতে হবে;

(ঘ) বর্তমান ২০২১-২২ অর্থবছরে বিতরণ লক্ষ্যমাত্রার কমপক্ষে শতকরা ১৫ ভাগ নারী উদ্যোক্তাদের জন্য সংরক্ষণ করতে হবে। উক্ত ডেস্কের মাধ্যমে প্রতিটি শাখা কর্তৃক কমপক্ষে ২৫ জন যোগ্য ও প্রতিশ্রুতিশীল নারী উদ্যোক্তা খুঁজে বের করে তন্মধ্যে অন্তত ১৫ (পনের) জন সম্ভবনাময় নারী উদ্যোক্তাকে অর্থায়ন করতে হবে;

(ঙ) নারী উদ্যোক্তাদের অনুকূলে কুটির, মাইক্রো, ও ক্ষুদ্র উদ্যোগের (প্রকল্প/ব্যবসা এলাকার স্থায়ী বাসিন্দা না হলেও ) ক্ষেত্রে জমি, বিল্ডিং প্রভৃতি স্থাবর সম্পত্তি জামানত/সহায়ক জামানত ব্যতিরেকে ১০.০০ লক্ষ টাকা এবং পুরুষ উদ্যোক্তাদের অনুকূলে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ প্রদানের বিধান রয়েছে। উল্লেখিত নির্দেশনার সদ্ব্যবহার নিশ্চিত করে এসএমই খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি করতে হবে।

০৩। এমতাবস্থায়, এসএমইএসপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ০৫/০৯/২০১৯ এর নির্দেশনা যথাযথভাবে অনুসরনপূর্বক প্রতিটি শাখায় Women Entrepreneurs' Dedicated Desk /SME Help Desk দৃশ্যমান স্থানে স্থাপনপূর্বক এর মাধ্যমে সম্ভাব্য এসএমই নারী উদ্যোক্তাদেরকে ঋণ গ্রহণের বিষয়ে তথ্য /পরামর্শ প্রদান করতে হবে এবং অত্র ব্যাংকের উর্ধ্বতন কর্তৃপক্ষ ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক শাখা পরিদর্শনকালে উক্ত ডেস্কের কার্যক্রম সম্পর্কে অবহিত করতে হবে।

অনুমোদনক্রমে-

22/08/2021

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোন-০২-২২৩৩৮৮৯৪০

বিষয় ঃ ব্যাংকের সকল শাখায় স্থাপিত Women Entrepreneurs' Dedicated Desk /SME Help Desk এর কার্যক্রম জোরদারকরণ প্রসঙ্গে।

নং-বিকেবি-প্রকা /ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৯)/২০২১-২০২২/ ২৭৮(১২০) তারিখ ঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়,বিকেবি, প্রধান কার্যালয়,ঢাকা।
০৩. ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর,বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫. সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা (পত্রখানি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০৭. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯. নথি/ মহানথি।

Mhossain
22/06/2022

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক